

India Foundation for Arts (আই এফ এ)

তার শিল্পকলা-চর্চা কার্যক্রম (Arts Practice Programme)-এর জন্য কর্মশালা/ আবাসিক কর্মসূচির প্রস্তাবপত্রের আহ্বান জানায়

সারা বছর আবেদন গ্রহণ করা হয়

শিল্পকলা-চর্চা কার্যক্রমটি কিছু প্রকল্প চালু করতে ইচ্ছুক, যার মাধ্যমে শিল্পীরা তাদের বর্তমান অনুশীলনের পরিসরকে নানান নতুন দিকে বিস্তৃত করতে পারবেন। তা সম্ভবপর হতে পারে পরীক্ষানিরীক্ষামূলক ভাববোধকে প্রাধান্য দিয়ে, সাধারণভাবে মান্যতা পেয়ে থাকা প্রচলিত রীতিরেওয়াজের উদ্দেশ্যে প্রশ্ন তুলে, বিষয়বস্তু, রূপায়ন, ও মাধ্যমের কোনো নতুন সীমা অতিক্রম করে, অভিনব উপায়ে বিভিন্ন স্থান, প্রেক্ষক ও গোষ্ঠীর সঙ্গে আদানপ্রদানের সম্ভাবনা অনুসন্ধান করে।

কর্মশালা/ আবাসিক কর্মসূচি

বিভিন্ন মাধ্যমের শিল্পীরা সমবেত হয়ে চিন্তাভাবনা করলে যে শিল্পপদ্ধতির ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ও অভিনব আবিষ্কার জন্ম নিতে পারে, ইতিহাসে এমন বহু নজির আছে। শিল্পীরা শিল্পধারণা ও শিল্পকৌশলের আলোচনা, উদ্ভাবনা ও আশু সমাধান করতে পারতেন। আজকের দিনে, শৈল্পিক কর্মশালা ও আবাসিক কার্যক্রম হয়ে উঠতে পারে সৃষ্টিশক্তির অভূতপূর্ব সঙ্গমস্থল, তথা সমকক্ষদের আদানপ্রদানের পরিসর। এই পরিসর জায়গা

দেবে শিল্পচর্চার বিবর্তন ও তার গতিপথ সম্বন্ধে চিন্তনের। এছাড়া, এমন কর্মসূচি দিতে পারে এ পর্যন্ত অশ্রুত কন্ঠ শুনতে পাবার সহায়ক পরিবেশ।

আমরা শিল্পকলা-চর্চা কার্যক্রমের প্রেক্ষিতে কর্মশালা/আবাসিক কর্মসূচি-কেন্দ্রিক আবেদনপত্রের আহ্বান জানাচ্ছি, যার উদ্দেশ্য আদানপ্রদান, আলাপ, তর্ক, শিক্ষা ও পরামর্শের পরিসর সৃষ্টি করা। এর আওতায় পড়বে শিল্পীদের সহায়ক আবাসিক কর্মসূচি, যৌথ উদ্যোগ, পরীক্ষা-নিরীক্ষা, কর্মশালা অথবা অন্য প্রকারের সম্মেলন, যার দ্বারা জ্ঞান, প্রতিভা ও চর্চার পরিধি আরও ব্যপ্ত হতে পারে।

প্রকল্পের মেয়াদ: ছয় মাস পর্যন্ত

তহবিল: সর্বোচ্চ ৩০০,০০০ টাকা (আপনি তহবিলের ৩০% পর্যন্ত নিজস্ব সাম্মানিকের আবেদন করতে পারেন)

আবেদনের সময়: বছরের যে কোনো সময়ে আবেদন জানানো যাবে

কারা আবেদন জানাতে পারেন?

এই প্রকল্প বিভিন্ন ক্ষেত্রের অন্তর্ভুক্ত এবং একাধিক ক্ষেত্রব্যাপী

অনুশীলনকারীদের থেকে আবেদনপত্রের আহ্বান জানাচ্ছে। তাঁরা হতে পারেন:

- সংগীত, শব্দ, পাঠ্য, নৃত্য, সঞ্চার, নাটক, পুতুলনাচ, কথকতা, জাদুপ্রদর্শন, সার্কাস এবং অন্যান্য প্রদর্শনমূলক কলার শিল্পী
- ফিল্ম (তথ্যচিত্র এবং কল্পকাহিনী) অ্যানিমেশন, ফোটোগ্রাফি, ইন্সটলেশন, নব্যমাধ্যম, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স, রোবোটিকস,

পারস্পরিক আদানপ্রদানমূলক শিল্প, গেমিং, চিত্রাঙ্কন, স্থাপত্য,
প্রিন্টমেকিং, কমিক বই, গ্রাফিক আলেখ্য, শিল্পী-পুস্তক, ইত্যাদি
চাক্ষুশ-শিল্পের শিল্পী

- তত্ত্বাবধায়ক, বিশেষত, যাঁরা গ্যালারি-পরিসরের বাইরে কাজ করেন
- কবি, ঔপন্যাসিক, নাট্যকার, যাঁরা সাহিত্যিকতার ক্ষেত্রে কাজ করেন
- আন্তঃক্ষেত্রিক অনুশীলনকারী

যোগ্যতা:

আপনি যদি ভারতের নাগরিক হন, আপনি আবেদন করতে পারেন।
আপনার সহকর্মীদেরও ভারতীয় নাগরিক হওয়া চাই। বিশদ জানতে
[এখানে](#) ক্লিক করুন।

আবেদনের প্রক্রিয়া:

আমাদের পাঠান আপনার ঠিকানা, ফোন নম্বর ও ইমেল আই ডি-সহ
আপনার CV এবং একটি প্রস্তাবপত্র, যেখানে আপনি বর্ণনা করবেন:

- শিল্প ও তত্ত্বাবধায়কতার ক্ষেত্রে সাংস্কৃতিক অনুশীলনকারী হিসেবে
আপনার বর্তমান চিন্তার বিষয়
- প্রস্তাবিত কর্মশালা বা আবাসিক কর্মসূচির অনুপ্রেরণা
- প্রস্তাবিত কর্মশালা বা আবাসিক কর্মসূচির মূল বিষয়বস্তু
- কর্মশালা বা আবাসিক কর্মসূচির মনন

- সাহায্যকারী, অংশগ্রহণকারী ও সহকর্মীদের অভিজ্ঞতার একটি ধারণা
- প্রস্তাবিত কর্মশালা বা আবাসিক কর্মসূচির পদ্ধতি
- আয়ব্যয়ক এবং মেয়াদ অনুযায়ী কাজের বিশদ ক্রমান্বয়
- এই আবেদনের বিষয়বস্তুর সঙ্গে যুক্ত আপনার পূর্ববর্তী কাজের নমুনা

প্রস্তাবের আবেদনপত্রটি আপনি যে কোনো ভারতীয় ভাষায়, অথবা ইংরেজিতেও লিখতে পারেন। ইংরেজি বাদে নানান ভারতীয় ভাষায় লেখা প্রস্তাবকে আই এফ এ বিশেষ উৎসাহ দেয়। আপনার জিজ্ঞাস্য এবং ভাবনাচিন্তার খসড়া লিখিত, শ্রাব্য, বা চাক্ষুষ মাধ্যমে আই এফ এ কর্মীদের প্রতিক্রিয়ার জন্য পাঠাতে পারেন।

আপনার চূড়ান্ত আবেদনপত্রটি Project Proposal for Workshops/Residencies (Arts Practice) শিরোনামে পাঠান john@indiaifa.org ঠিকানায়। কোনো জিজ্ঞাস্য বা দ্বন্দ্ব উপস্থিত হলে একই ঠিকানায় যোগাযোগ করুন।

নির্বাচিত সকল প্রকল্প আই-এফ-দ্বারা নিযুক্ত হবে।

দ্রষ্টব্যঃ আই এফ এ এক নিরাপদ পরিবেশ সৃষ্টি করতে বন্ধপরিষ্কার, যা শিশুদের-সহ সকলকে সহায়তা, সম্মান ও সুরক্ষা দেয়। প্রার্থীদের এই মতাদর্শের সঙ্গে সহমত হয়ে, সর্বদা তা মেনে চলতে হবে।

